

প্রেস রিলিজ
তারিখ: ০৬ জুলাই ২০২৬

'বাউবি মডেল স্টাডি সেন্টার'-এ এমএড প্রোগ্রামের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) 'বাউবি মডেল স্টাডি সেন্টার'-এ ভর্তি হওয়া ২০২৬ শিক্ষাবর্ষের এমএড (২০২৬ ব্যাচ) প্রোগ্রামের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আজ সোমবার (০৬ জুলাই ২০২৬) সকাল ১০:০০টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে স্কুল অব এডুকেশনের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে।

স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক আমিরুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে আমরা একটি আদর্শ ও মানসম্মত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করতে চাই। এ লক্ষ্য অর্জনে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা অপরিহার্য। শিক্ষার গুণগত মান উন্নয়ন, আধুনিকায়ন এবং শিক্ষার্থীবান্ধব পরিবেশ নিশ্চিত করতে বাউবিতে পর্যায়ক্রমে নতুন নতুন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হবে।”

অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন স্কুল অব এডুকেশনের অধ্যাপক সুফিয়া বেগম, অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম এবং সহযোগী অধ্যাপক মোঃ জহুরুল ইসলাম। তাঁরা এমএড প্রোগ্রামের একাডেমিক কার্যক্রম, পাঠদান পদ্ধতি, মূল্যায়ন ব্যবস্থা এবং গবেষণাধর্মী শিক্ষার গুরুত্ব সম্পর্কে নবীন শিক্ষার্থীদের অবহিত করেন।

নবীন শিক্ষার্থীদের পক্ষ থেকে একজন ছাত্র ও একজন ছাত্রী তাঁদের অনুভূতি, প্রত্যাশা এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের অভিজ্ঞতা ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক ড. মোঃ আরিফ-উজ-জামান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন স্কুল অব এডুকেশনের প্রভাষক এমএস অনুশ্রী ঘোষ।

উল্লেখ্য, এমএড (২০২৬ ব্যাচ) প্রোগ্রামে ভর্তি হওয়া মোট ৩৪ জন শিক্ষার্থীর মধ্যে ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ২৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রাণবন্ত পরিবেশে অনুষ্ঠিত এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম, শিক্ষা-ব্যবস্থা এবং ভবিষ্যৎ শিক্ষাজীবন সম্পর্কে প্রয়োজনীয় দিকনির্দেশনা লাভ করেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)